# Times Today BD

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 14 April, 2025

কক্সবাজারের উখিয়ার হলদিয়া পালং আদর্শ বিদ্যাপীঠের ১৩ জন শিক্ষার্থীকে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণে মানবিক বিবেচনায় প্রবেশপত্র দেওয়ার সিদ্ধান্ত হয়েছে চট্টগ্রাম শিক্ষাবোর্ড।সোমবার (১৪এপ্রিল) এসব সিদ্ধান্ত হয় বলে জানান উখিয়া উপজেলা প্রশাসন।বিষয়টি নিশ্চিত করেছেন উখিয়া উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) কামরুল ইসলাম চৌধুরী।

তিনি জানান, জেলা প্রশাসনের সহোযোগিতায় উখিয়ার হলদিয়া পালং আদর্শ বিদ্যাপীঠের ১৩ জন শিক্ষার্থী পরীক্ষা দেওয়ার সুযোগ পাচ্ছে। তবে তারা প্রথম পরীক্ষা দিতে পারেনি।এ বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি।কারণ তারা পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে জানান।মানবিক বিবেচনায় প্রবেশপত্র দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে চট্টগ্রাম শিক্ষাবোর্ড।মূলত প্রতিষ্ঠানটির একটি সিন্ডিকেটের কারণে ১৩ শিক্ষার্থী পরীক্ষা দেওয়ার সুযোগ পায়নি।এ ঘটনায় একজনকে আটক করা হয়েছে।আগামী মঙ্গলবার (১৫ এপ্রিল) থেকে ইংরেজি ২য় পরীক্ষায় অংশ নিতে পারবে তারা।

প্রসঙ্গত, প্রবেশপত্র না পাওয়ার কারণে এই ১৩ শিক্ষার্থী চলতি বছরের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার প্রথম দিন অংশ নিতে পারেনি।বিদ্যালয় কর্তৃপক্ষের অবহেলার কারণেই এমন পরিস্থিতির সৃষ্টি হয় বলে অভিযোগ ওঠে।এ ঘটনাকে কেন্দ্র করে পরীক্ষার দিন সকালে ক্ষুব্ধ অভিভাবক ও এলাকাবাসী বিদ্যালয়ের সামনে বিক্ষোভ করেন এবং ভাঙচুর চালান।পরে উখিয়া থানা পুলিশ বিদ্যালয়ের প্রধান শিক্ষককে আটক করে।

কক্সবাজার প্রবেশপত্র ইউএনও শিক্ষার্থী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:05

URL: https://www.timestodaybd.com/public/chittagong/793775807